সমকাল

তারিখ: 25 AUG 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ৩

# এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের ঈদ বোনাস ব্যাংকে গেছে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি স্কুল ও কলেজের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের ঈদুল আজহার বোনাসের সরকারি অংশের টাকার আটটি চেক সংশ্লিষ্ট ব্যাংকে পাঠিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। মাউশির সাধারণ প্রশাসন শাখার উপপরিচালক মো. শফিকুল ইসলাম সিদ্দিকি গতকাল বৃহস্পতিবার সমকালকে এ তথ্য জানান।

তিনি বলেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংক, প্রধান কার্যালয়ে এবং জনতা ও সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। আগামী ২৯ আগস্ট পর্যন্ত শিক্ষক-কর্মচারীরা তাদের নিজ নিজ ব্যাংকের হিসাব নম্বরের মাধ্যমে বোনাসের টাকা তুলতে পারবেন।